



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৯.২০১৯/৩৭/০৫

তারিখ: ২১/০৯/২০১৯ খ্রিস্টাব্দ  
২৭/০৫/১৪২৬ বঙ্গাব্দ

বিষয় : অধ্যক্ষের দায়িত্ব পালন।

- সূত্র : (ক) উপাধ্যক্ষ এর পত্র নং-০০০১/২০১৯; তারিখ: ২১/০৫/২০১৯ খ্রি.  
(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৯.২০১৯/২৫০৩/৫; তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি.  
(গ) উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা এর পত্র নং-০৫.৪৩.৭৬৭২.০০০.২৭.০২১.১৯-৯২০;  
তারিখ: ২২/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ (ক) পত্র মোতাবেক পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন সাঁথিয়া ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) উপাধ্যক্ষ অধ্যক্ষের শূণ্য পদে বিধি মোতাবেক উপাধ্যক্ষকে আর্থিক ক্ষমতাসহ অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য আবেদন করেন। পত্রের প্রেক্ষিতে মাউশি হতে সূত্রস্থ (খ) পত্র মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পাবনা জেলার সাঁথিয়া ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) অধ্যক্ষের শূণ্য পদে বর্তমান উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে পত্র দেয়া হয়।

মাউশির পত্রের প্রেক্ষিতে পাবনা জেলার সাঁথিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার সাঁথিয়া ডিগ্রি কলেজের উপাধ্যক্ষের অপারগতার আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২ খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক পাবনা জেলার সাঁথিয়া ডিগ্রি কলেজে অধ্যক্ষের শূণ্য পদে বর্তমান উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী “উপাধ্যক্ষ ব্যতীত অন্য কোন শিক্ষককে অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করা যাবে না। উপাধ্যক্ষের পক্ষে কোন কারণে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে”।

এমতাবস্থায়, পাবনা জেলার সাঁথিয়া ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) অধ্যক্ষের শূণ্য পদে বর্তমান উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

অতএব, বিষয়টি ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার  
উপজেলা: সাঁথিয়া, জেলা: পাবনা

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সাঁথিয়া ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত) সাঁথিয়া, পাবনা
- ২। জেলা শিক্ষা অফিসার, পাবনা
- ৩। উপাধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত) সাঁথিয়া, পাবনা
- ৪। ম্যানেজার, সোনালী ব্যাংক লি. সাঁথিয়া শাখা, পাবনা (উপাধ্যক্ষ ব্যতীত অন্য কারো স্বাক্ষরে আর্থিক লেনদেন অনুমোদন না করার অনুরোধসহ)
- ৫। সংরক্ষণ নথি।

১১.০৭.১৭  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd